তালিবানে ইলম

# পথ ও পাথেয়

তালিবে ইলমের আত্মোপলব্ধি ও জীবন গঠনের জন্য

মাসিক আলকাউসারে শিক্ষার্থীদের পাতায়
প্রকাশিত প্রবন্ধ ও শিক্ষাপরামর্শসমূহের সংকলন
[মুহাররম ১৪২৬ হিজরী হতে রজব-শাবান ১৪৩১ হিজরী পর্যন্ত]

মাওলানা মুহাম্মাদ আবদুল মালেক
আমীনুত তালীম: মারকাযুদ দাওয়াহ্ আলইসলামিয়া ঢাকা

بسم الله الرحمن الرحيم

## প্রকাশকের কথা

আলহামদুলিল্লাহ! আলহামদুলিল্লাহ!! আলহামদুলিল্লাহ!!! দীর্ঘদিন পরে হলেও 'তালিবানে ইলম : পথ ও পাথেয়' গ্রন্থটি এখন পাঠকের হাতে তুলে দিতে পেরে আল্লাহপাকের শোকরিয়া আদায় করছি, আলহামদুলিল্লাহ।

গ্রন্থটি মাসিক আলকাউসার-এর শিক্ষার্থীদের পাতায় মুহাররম ১৪২৬ হিজরী হতে রজব-শাবান ১৪৩১ হিজরী পর্যন্ত সংখ্যাসমূহে প্রকাশিত তালিবানে ইলমে নবুওতের জন্য পথ-নির্দেশনামূলক প্রবন্ধ-নিবন্ধ ও শিক্ষাপরামর্শসমূহের সমষ্টি।

এ মহৎ কর্মটি আল্লাহপাক তাঁর এমন এক বান্দার মাধ্যমে সম্পন্ন করিয়েছেন, যার পুরো পরিবারই ইলমে দ্বীনের খেদমতে নিয়োজিত। আল্লাহপাক তাঁকে বাংলাদেশ, পাকিস্তান ও আরবে দীর্ঘদিন পড়াশোনা করার সৌভাগ্য দান করেছেন। বিশ্ব-বিখ্যাত হাদীস বিশারদ হযরত মাওলানা মুহাম্মাদ আব্দুর রশীদ নো'মানী রহ., শাইখ আব্দুল ফাত্তাহ আবু গুদ্দাহ রহ. ও শাইখুল ইসলাম হযরত মাওলানা মুফতী মুহাম্মাদ তাকী উসমানী দামাত বারাকাতুহুম-এর মতো মাশায়েখ-এর শিষ্যত্ব ও দীর্ঘ সান্নিধ্য তাঁর সা'আদাত ও সৌভাগ্যকে বুলন্দ করেছে।

আল্লাহপাক হযরত মাওলানা মুহাম্মাদ আবদুল মালেক ছাহেব দামাত বারাকাতুহুমকে এদেশের ইলমের ইমামতির জন্য কবুল করুন। আমীন।

উস্তাযের নসীহত ও পরামর্শ তালিবানে ইলমের সবচেয়ে গুরুত্বপূর্ণ ও সর্বাধিক প্রয়োজনীয় পাথেয়, যা একজন তালেবে ইলমের জীবনকে ধ্বংস থেকে রক্ষা ও অতি উন্নতরূপে গড়ে তুলতে এবং সৌভাগ্যের

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

# কালিমাতুশ শুকরি ওয়াল ইহ্দা

سُبْحَانَ اللهِ وَبِحَمْدِهٖ عَدَدَ خَلْقِهٖ، وَرِضَا نَفْسِهٖ، وَزِنَةَ عَرْشِهٖ، وَمِدَادَ كَلِمَاتِهٖ. سُبْحَانَ اللهِ وَبِحَمْدِهٖ، سُبْحَانَ اللهِ الْعَظِيْمِ. اَللّٰهُمَّ مَا أَمْسٰى بِيْ مِنْ نِعْمَةٍ أَوْ بِأَحَدٍ مِنْ خَلْقِكَ فَمِنْكَ وَحْدَكَ لَا شَرِيْكَ لَكَ، فَلَكَ الْحَمْدُ وَلَكَ الشُّكْرُ. اِنَّ صَلَاتِيْ وَنُسُكِيْ وَمَحْيَايَ وَمَمَاتِيْ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ، لَا شَرِيْكَ لَهٗ وَبِذٰلِكَ اُمِرْتُ وَاَنَا اَوَّلُ الْمُسْلِمِيْنَ.

ইয়া আল্লাহ! আপনার বান্দার এই আমলটুকু কবুল করুন, যা শুধু আপনারই ফযল ও করমে সম্ভব হয়েছে।

ইয়া আল্লাহ! এর ছওয়াব আমার আম্মাজান ও আব্বাজানের আমলনামায় পৌঁছে দিন। আমার সকল সম্মানিত উস্তায, যাঁরা এখনো জীবিত আছেন এবং যাঁরা আখেরাতবাসী হয়েছেন, আমার শ্রদ্ধেয় বড় ভাই ও আমার সকল মুরব্বী, বিশেষ করে যাঁরা ইন্তেকাল করেছেন তাঁদের আমলনামায় পৌঁছে দিন এবং যাঁদের সামান্যতম হক আমার উপর রয়েছে, তাঁদের আমলনামায়ও এর ছওয়াব পৌঁছে দিন।

ইয়া আল্লাহ! এই 'ইহদা'টুকু কবুল করুন। এর বদৌলতে আমাকে ও আমার সকল নেক কাজের শরীক-জীবনসঙ্গিণী ও তার পরিবারের সকলকে আপনি কবুল করুন, আমাদের সকল সন্তানকে-ঘরের ও মাদরাসার-কবুল করুন; আমার ভাই-বোনদেরকে, তাঁদের সন্তান-সন্ততি, পরিবার-পরিজন ও আত্মীয়-স্বজনকে কবুল করুন; আমাদের বন্ধু-বান্ধবদেরকে, মারকাযুদ দাওয়াহ্র সহযোগী ও শুভাকাঙ্ক্ষীদেরকে, তাঁদের সকলের সন্তানদেরকে ও মুসলিম উম্মাহর সকল শিশু ও যুবকদেরকে আপনি কবুল করুন।

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

# পেশ লফয

اَلْحَمْدُ لِلّٰهِ، وَسَلَامٌ عَلٰى عِبَادِهِ الَّذِيْنَ اصْطَفٰى، أَمَّا بَعْدُ!

মুহাররম ১৪২৬ হিজরী মোতাবেক ফেব্রুয়ারি ২০০৫ এ যখন মারকাযুদ দাওয়াহ আলইসলামিয়া ঢাকা থেকে মাসিক আলকাউসারের প্রকাশনা শুরু হয় তখন এর কর্তৃপক্ষ 'শিক্ষার্থীদের পাতা' বিভাগটির দায়িত্ব আমার উপর ন্যস্ত করেন। আমি আল্লাহর উপর তাওয়াক্কুল করে এই যিম্মাদারি গ্রহণ করি, এ আশায় যে, তালিবে ইলম ভাইদেরও খেদমত হবে এবং আমারও কিছু শেখা হয়ে যাবে। জানি, আমার দ্বারা এই বিভাগের চাহিদা পূরণ হচ্ছে না। তবু আল্লাহর রহম ও করমে যা হয় যতটুকু হয় তা-ই চেষ্টা করি তলাবায়ে কেরামের খেদমতে পেশ করতে। প্রথম সংখ্যা থেকে নিয়ে রজব-শাবান ১৪৩১ হিজরী মোতাবেক জুলাই ২০১০ সংখ্যা পর্যন্ত শিক্ষার্থীদের পাতায় প্রকাশিত লেখাগুলো এই সংকলনে সামান্য সংযোজন ও পরিবর্তনসহ সন্নিবেশিত হলো।

পত্রিকায় প্রকাশিত সেই প্রবন্ধ ও পরামর্শগুলো গ্রন্থকারে প্রস্তুতের জন্য নজরে ছানীর পর তাতে প্রয়োজনীয় সংযোজন ও পরিমার্জন করা হয়েছে এবং তা থেকে ইস্তিফাদা সহজ কীভাবে হয়, সে চেষ্টাও করা হয়েছে। কিন্তু যতটা নিখুঁতভাবে আমি এ কাজটি করতে চেয়েছিলাম এবং একটি পূর্ণাঙ্গ গ্রন্থ হিসেবে প্রস্তুত করার যে পরিকল্পনা আমার ছিল, তা আমি করতে পারিনি। যদিও এ উদ্দেশ্যেই দীর্ঘদিন পর্যন্ত সংকলনটি আমার নিকট আটকে রেখেছিলাম। কিন্তু সাথীদের পরামর্শ হল, এটাকে বর্তমান অবস্থায় প্রকাশ করা হলেও তালিবে ইলম ভাইদের জন্য ইনশাআল্লাহ অনেক উপকার হবে। তাই আরো নিখুঁত ও সমৃদ্ধ করার জন্য তা আটকে রাখা ঠিক হবে না। উস্তাদে মুহতারাম শায়খ আবদুল ফাত্তাহ আবু গুদ্দাহ (রহ.) একটি মালফুয মনে পড়ার পর আমার কাছেও তাদের পরামর্শ ভাল মনে হয়েছে। তাই আল্লাহর উপর ভরসা করে এই সংকলনটি প্রকাশ করা হচ্ছে। আল্লাহ তাআলা কবুল ও মাকবুল করুন। আমীন।

# সূচিপত্র

## প্রথম পরিচ্ছেদ


- ❖ **তালিবানে ইলমে নবুওয়তের প্রতি/৩৩**
  - ❖ তালিবে ইলমের দৈনন্দিন করণীয়/৩৩
  - ❖ ভাল ছাত্রের পরিচয়/৩৪
  - ❖ নেসাবী কিতাবসমূহের উদ্দেশ্য/৩৫
- ❖ **মুতালাআর গুরুত্ব ও আকাবিরের কর্মপদ্ধতি/৩৬**
  - ❖ দক্ষ ও কাজের লোক হতে চাইলে ব্যাপক পড়াশোনা করতে হবে/৩৬
  - ❖ ছাত্রজীবনে আকাবরিদের মুতালাআ/৩৭
  - ❖ আমাদের করণীয়/৩৯
  - ❖ আরেকটি ঘটনা/৪০
- ❖ **নববী আদর্শের আলোকে জ্ঞানচর্চার মূলনীতি/৪২**
  - ❖ ইলম একটি স্বতন্ত্র আমল, ইলমের প্রতি অনীহা শাস্তিযোগ্য অপরাধ/৪২
  - ❖ প্রয়োজন পরিমাণ ইলমই যথেষ্ট নয়/৪৩
  - ❖ লক্ষ্য নির্ধারণ জরুরী/৪৪
  - ❖ ইলমের ব্যাপারে 'কানাআত' নেই/৪৫
  - ❖ 'তাফাক্কুহ' ছাড়া ইলমের উদ্দেশ্য হাসিল হয় না/৪৬
  - ❖ অন্যের 'ফনে' দখল না দেওয়া/৪৮
  - ❖ ভাষার পারদর্শিতা অর্জন/৪৮
  - ❖ ইলম আল্লাহর দান/৪৯
- ❖ **তালিবানে ইলমে নবুওয়ত বিরতির দিনগুলো কীভাবে কাটাবেন/৫০**
  - ❖ বিরতিতে যে কাজগুলো করণীয়/৫০
- ❖ **রমযান মাসে কুরআন তেলাওয়াত ঃ তালিবানে ইলমের অবলম্বনযোগ্য পদ্ধতি/৫৫**
  - ❖ তেলাওয়াতের গুরুত্বপূর্ণ একটি আদব/৫৫
  - ❖ 'তাদাব্বুর' সালাফের অনন্য বৈশিষ্ট্য/৫৬
  - ❖ তেলাওয়াতে চিন্তা-ভাবনা করতে অভ্যস্ত হওয়ার একটি সহজ উপায়/৫৮

❖ **নতুন শিক্ষাবর্ষের সূচনা : তালেবানে ইলমের খেদমতে কিছু কথা/৬০**
   ❖ মুকাদ্দিমাতুল ইলমের কিছু কিতাব/৬২
   ❖ কিছু ফনের বিশেষ কিছু কিতাব/৬২
   ❖ উলূমুল কুরআন/৬৩
   ❖ উলূমুল হাদীস/৬৩
   ❖ উলূমুল ফিকহ/৬৪
   ❖ মুকাদ্দিমাতুল কিতাবের কিছু মাসাদির/৬৫
   ❖ নব উদ্যম-উদ্দীপনাকে কাজে লাগান/৬৬
   ❖ ভাল ছাত্র কাকে বলে/৬৭
   ❖ তাখাস্‌সুসের প্রস্তুতি ও যোগ্যতা/৬৮
❖ **মানুষ হওয়ার জন্য মাদরাসায় আসুন 'আল্লামা' হওয়ার জন্য নয়/৭০**
   ❖ মানুষের গুণাবলী/৭০
   ❖ ইনসান হওয়া ফরয/৭১
❖ **ইলমের একটি গুরুত্বপূর্ণ আদব বিলুপ্ত হয়ে যাচ্ছে/৭৩**
   ❖ সালাফের অবস্থা একটু দেখুন/৭৪
   ❖ এ যুগের আকাবিরদের কথা/৭৫
   ❖ মাওলানা মুহাম্মাদ তাকী উসমানী দা. বা.-এর দু'টি কথা/৭৭
❖ **বর্তমানের মূল্যায়নই ভবিষ্যতের সোপান/৭৯**
   ❖ তালিবে ইলম কাকে বলে/৭৯
   ❖ ইলমের পরিচয়/৮০
❖ **ইলম অন্বেষণে সকল প্রতিবন্ধকতা থেকে নিজেকে বাঁচিয়ে রাখুন/৮২**
   ❖ মোবাইল : একটি মহামারী/৮৩
❖ **আসাতিযার সঙ্গে দৃঢ় ও স্থায়ী সম্পর্ক প্রয়োজন; প্রতিষ্ঠানের নয়, উস্তাদগণের সোহবত গ্রহণ করুন/৮৪**
   ❖ উস্তাদ-শাগরিদ সম্পর্ক/৮৪
   ❖ সোহবতে থাকার কয়েকটি দৃষ্টান্ত/৮৫
   ❖ এ যুগের কিছু নমুনা/৮৬

- ❖ এই সুন্নাত আবারো যিন্দা করতে হবে/৮৮
- ❖ অহেতুক কিছু অজুহাত/৮৮

**❖ ছাত্রদের সকল ঝামেলা থেকে মুক্ত থাকতে হবে/৯০**

- ❖ ইলমী নিমগ্নতা/৯১

**❖ মুতালাআর ফলপ্রসূতা উপযুক্ত নির্বাচনের উপর নির্ভরশীল/৯৩**

- ❖ সুন্দর নির্বাচনের প্রয়োজনীয়তা/৯৩
- ❖ হাদীসের শিক্ষা, সালাফের কথা/৯৪
- ❖ সম্পূরক অধ্যয়নের ব্যাপারে প্রান্তিকতা/৯৬
- ❖ আত্মতৃপ্তির ব্যাধি/৯৭
- ❖ প্রত্যেক তালেবে ইলমের একটি কুতুবখানা চাই/৯৯
- ❖ কুরআন তেলাওয়াতের পাশাপাশি কুরআন অধ্যয়নও প্রয়োজন/৯৯

**❖ ইলমের অনির্বাণ তৃষ্ণা সৃষ্টি করুন/১০১**

- ❖ ইলমের মহব্বত বৃদ্ধির ১২টি উপায়/১০২
- ❖ আরো কিছু আবেদন/১০৬

**❖ দু'টি বয়ান/১০৮**

- ❖ পাহাড়পুরী হুযুর (দা. বা.)-এর বয়ান/১০৮

**❖ মাওলানা আবু তাহের মিসবাহ ছাহেব-এর বয়ান/১১০**

- ❖ ইলমের জন্য 'ফানা ফিল উস্তাদ' জরুরী/১১১
- ❖ জীবন থেকে শিক্ষা/১১১
- ❖ সময়ের ভগ্নাংশগুলির হেফাযত করি/১১২
- ❖ আমাদের জীবনের অভিজ্ঞতা/১১২

**❖ তাঁদের প্রিয় কিতাব/১১৫**

- ❖ পূর্বকথা/১১৫
- ❖ কুরআন কারীম এই সূচির ঊর্ধ্বে/১১৬
- ❖ কুরআন অধ্যয়নের একটি সুন্দর নিয়ম/১১৬
- ❖ প্রকৃত মুহসিন কিতাব/১১৭
- ❖ কুরআনের সাথে সম্পর্ক/১১৮

❖ তাঁদের প্রিয় কিতাব (২য় পর্ব)/১২১
❖ মাওলানা মুহাম্মাদ তাকী উসমানী/১২১
❖ তাফসীরে ইবনে কাসীর/১২২
❖ তাফসীরে কাবীর/১২২
❖ তাফসীরে আবুছ ছাউদ/১২৩
❖ তাফসীরে কুরতুবী/১২৩
❖ রূহুল মাআনী/১২৪
❖ বয়ানুল কুরআন ও মাআরিফুল কুরআন/১২৫
❖ আরো চারটি তাফসীর গ্রন্থ সম্পর্কে হযরত বানুরী (রহ.)-এর মূল্যায়ন/১২৬
❖ তাঁদের প্রিয় কিতাব (৩য় পর্ব)/১২৮
❖ ইলাউস সুনান, কাইফিয়্যাত, উলামায়ে হিন্দ কা শানদার মাযী, তাহরীকে শায়খুল হিন্দ/১২৮
❖ আকাবিরে দেওবন্দের উপর কিছু কিতাব/১২৮
❖ তাফসীরে মাজেদী (উর্দু), তাফসীরে মাজেদী (ইংরেজী), মাআরিফুস সুনান, ইয়াতিমাতুল বায়ান ফী শাইইম মিন উলূমিল কুরআন, নাফহাতুল আম্বার ফী হায়াতী ইমামিল আছর আশ-শাইখুল আনওয়ার/১২৯
❖ ফারান-তাওহীদ সংখ্যা করাচী, পাকিস্তান/১৩০
❖ আপবীতী, মুঈনুল কুযাত ওয়াল মুফতীন, শরয়ী জাবিতায়ে দেওয়ানী/১৩১
❖ আদিলানা দিফা, আস-সিদ্দীক, ইরছুল ইয়াতীম নম্বর, হিফাযত ওয়া হুজ্জিয়াতে হাদীস, ডা. আবদুল হাই আরেফী (রহ.)-এর কিছু কিতাব/১৩২
❖ কওমী এসেম্বলী মে ইসলাম কা মারেকা, মানাযিলুল ইরফান ফী উলূমিল কুরআন, শায়খ আব্দুল ফাত্তাহ (রহ.)-এর তাহকীক তা'লীককৃত কিছু গ্রন্থ, ফয়সালাকুন মুনাযারা/১৩৩
❖ কাদিয়ানী কেঁউ মুসলমান নেহী
হযরত মাওলানা সাইয়েদ আবুল হাসান আলী নদভী (রহ.)-এর কিছু গ্রন্থ/১৩৪
❖ তুহফায়ে খাওয়াতীন, তাসহীলুল মীরাস/১৩৫
❖ তালিবানে ইলমের প্রতি আকাবিরের কয়েকটি পয়গাম/১৩৭
❖ পরিচ্ছন্নতায় কিছু অবহেলিত দিক/১৩৮

❖ একটি ঘটনা/১৩৮
❖ ইসলাম পবিত্রতা ও পরিচ্ছন্নতার ধর্ম/১৩৯
❖ আদবও সোহবতে থেকে শেখার বিষয়/১৪১
❖ আদবেরও 'সনদ' ছিল/১৪১
❖ আমাদের করণীয়/১৪৩
❖ ইলমের জন্য চাই পিপাসা, কিছু প্রতিবন্ধক ভুল ধারণা/১৪৪
❖ ইলম অন্বেষণের দ্বিতীয় পর্বকে ব্যর্থতার হাত থেকে রক্ষা করুন/১৪৪
❖ প্রথম ভুল ধারণা/১৪৫
❖ দ্বিতীয় ভুল ধারণা/১৪৫
❖ তৃতীয় ভুল ধারণা/১৪৬
❖ দরসী মুতালাআর বিভিন্ন পর্যায়/১৪৬
❖ চতুর্থ ভুল ধারণা/১৪৭
❖ পঞ্চম ভুল ধারণা/১৪৮
❖ হযরত ইবনে আব্বাস (রাযি.)-এর ইলম অন্বেষণ/১৪৯
❖ তাঁর একটি সুন্দর কথা/১৫০
❖ ষষ্ঠ ভুল ধারণা/১৫০
❖ 'তাখাসসুস'-এর উদ্দেশ্য/১৫১
❖ উপাধির জন্য 'তাখাসসুস' নয়/১৫২
❖ 'রিহ্‌লা' বা সফর/১৫৩
❖ নতুন শিক্ষাবর্ষ– তালিবানে ইলমের জন্য আকাবিরের পয়গাম/১৫৪
❖ প্রথম পয়গাম/১৫৪
❖ এই যুগের আকাবিরদের অবস্থা/১৫৫
❖ 'ছুটি নেওয়া' মানে উপস্থিত না থাকা/১৫৭
❖ অসুস্থতার অজুহাতে ছুটি ও একটি আশ্চর্য ঘটনা/১৫৮
❖ দ্বিতীয় পয়গাম/১৫৯
❖ এক মনীষীর অধ্যয়ন-নির্দেশিকা– হযরত মাওলানা সাইয়েদ আবুল হাসান আলী নদভী (রহ.)-এর একটি সাক্ষাৎকার/১৬১

❖ সিহ্হত ও আফিয়াত তালিবে ইলমের মূলধন/১৭০
❖ আফিয়াত, ঈমানের পর সবচেয়ে বড় নিয়ামত/১৭০
❖ স্বাস্থ্য সচেতনতার বিভিন্ন দিক/১৭১
❖ গুনাহ স্বাস্থ্য নষ্ট করে/১৭২
❖ মাওলানা আবু তাহের মিসবাহ (দা. বা.)-এর নসীহত/১৭৩
❖ মেরী ইলমী আওর মুতালাআতী যিন্দেগী/১৭৫
❖ 'ফুতুহুশ শাম'-এর পারিবারিক তালীম ও এর প্রভাব/১৭৫
❖ 'মুসাদ্দাসে হালী'-এর পংক্তিগুলোতে চিত্রিত জাহিলিয়াতের অবক্ষয়ের ছবি/১৭৭
❖ উর্দূ সাহিত্যের পাঠশালায়/১৭৮
❖ মানসুরপুরীর 'রাহমাতুল্লিল আলামীন' ও হৃদয়ে নবীপ্রেমের জোয়ার/১৭৮
❖ শিবলী মারহুমের রচনাবলীর সাথে পরিচয়/১৭৯
❖ আরো কিতাবের পাঠ ও সাহিত্য-চর্চার অংকুর/১৮০
❖ আরবী চর্চা ও একজন উস্তাযের জন্য অনন্য তালীমের স্মৃতিমালা/১৮২
❖ মুহাদ্দিস টোংকী (রহ.)-এর অনন্য দরসে হাদীস ও হাদীসের গ্রন্থাবলীর সাথে সখ্যতা/১৮৪
❖ শরহে মুসলিম-নববী ও ফাতহুল বারী/১৮৫
❖ তাকী উদ্দীন হেলালী ও আরবী সাহিত্যের নতুন পরিচয় এবং নেসাব নিয়ে তাঁর প্রস্তাবনা/১৮৬
❖ আমার আরবী পত্রিকা পাঠের শৈশব/১৮৮
❖ যদি সকল কিতাবপত্র থেকে মাহরূম করে দুটি মাত্র কিতাব রাখার অনুমতি মেলে তবে .../১৮৯
❖ কিয়ামুল লায়ল/১৯০
❖ তাফসীরে সূরা নূর ও আল জাওয়াবুল কাফী/১৯০
❖ যে কিতাব 'অবুঝ' বয়সে ইলম ও আহলে ইলমের আদব রক্ষায় অগাধ প্রেরণা যুগিয়েছে/১৯০
❖ আল্লাহওয়ালা বুযুর্গদের ঈমানদীপ্ত জীবনী পাঠ/১৯১
❖ তাসাওউফ-দর্শন পাঠের প্রভাব ও সতর্কতা/১৯২

❖ রায়বেরেলীর একটি কুতুবখানায় .../১৯২
❖ আরো কিছু কিতাব/১৯৩
❖ পাশ্চাত্যের মুখোশ উন্মোচনকারী গ্রন্থাবলী/১৯৩
❖ আহমদ আমীনের গ্রন্থাবলী ও একটি পর্যালোচনা/১৯৪
❖ মাওলানা আযাদের গ্রন্থাবলী/১৯৫
❖ তাফসীরে ওসমানীর মাহাত্ম্য/১৯৫
❖ খুতবাতে মাদরাছ/১৯৬
❖ মানাযির আহসান গিলানীর রচনাবলী/১৯৬
❖ হায়াতে জাবীদ, হায়াতে শিবলী/১৯৬
❖ 'নুযহাতুল খাওয়াতির' একটি অনন্য জ্ঞানকোষ/১৯৭
❖ ড. ইকবালের পংক্তিমালা এখনো রক্ত-কণিকায় শিহরণ জাগায়/১৯৭
❖ আয়তনে ছোট ও মূল্যে বড় পুস্তিকা/১৯৮
❖ কিছু 'মাকতুবাত' অধ্যয়ন/১৯৯
❖ 'ইযালাতুল খাফা' ও 'হুজ্জাতুল্লাহিল বালিগা'/২০০
❖ 'সিরাতে মুস্তাকীম' তাসাওউফের রচনা সম্ভারে একটি বিপ্লবী ও ব্যতিক্রমী রচনা/২০১
❖ কুরআন মাজীদ অধ্যয়ন ও এর মর্ম উদ্ধারে দুটি স্বভাবজাত পন্থা/২০২
❖ প্রশান্তি শুধু কুরআনেই/২০৩

❖ **ছাত্রদের প্রতি বাইতে উম্মে হানী থেকে/২০৫**
❖ আমলের গুরুত্ব নির্ণিত হয় শুধু ছওয়াবের বিবেচনায় নয়, উপকারিতা ও ফলাফলের বিচারেও/২০৬
❖ মা'ছুর দুআর উপকারিতা/২০৭
❖ আখলাক দুরস্ত করা ফরজ না মুস্তাহাব/২০৮

❖ **পরিকল্পনা ও পূর্বপ্রস্তুতি ছাড়া কোনো বড় কাজ সম্ভব হয় না/২০৯**
❖ আকাবিরদের কাজ ছিল পরিকল্পনা মাফিক/২১০

❖ **সহায়ক ও পরিপূরক অধ্যয়ন : গ্রন্থ নির্বাচনের একটি মানদণ্ড থাকা উচিত/২১২**

❖ **একটি অতি গুরুত্বপূর্ণ আদব : কেউ কি এই আদর্শ গ্রহণ করব/২১৪**
❖ বড়দের ছায়ায় থেকে কাজ করতে অনীহা/২১৫
❖ সালাফের অনুসৃত পথ/২১৬

❖ তালিবানে ইলমে নবুওয়তের প্রতি কিছু প্রয়োজনীয় নির্দেশনা/২১৮
❖ ব্যক্তিগত সংশোধন ও উন্নতির চিন্তা এবং এ বিষয়ে অনতিবিলম্বে গ্রহণী পদক্ষেপসমূহ/২১৮
❖ ক. আকীদাগত দিক/২১৯
❖ খ. আমলগত দিক/২২০
❖ গ. হুকুক আদায় করা এবং লেনদেনে স্বচ্ছতা/২২১
❖ ঘ. তাযকিয়ায়ে নফস ও অন্তরের পরিশুদ্ধি/২২২
❖ ঙ. আকাবির ও আসলাফের মেযাজের অনুসরণ/২২৩
❖ চ. আদাবে মুআশারা ও আখলাকে জাহেরার সংশোধন/২২৪
❖ ছ. ইলমের পরিপক্কতা ও 'তাফাক্কুহ ফিদ্দীন' অর্জন/২২৭
❖ (জ) তায়াক্কুয ও যুগসচেতনতা/২৩১
❖ রুসূখ ফিল ইলম ও তাফাক্কুহ অর্জন করার জন্য প্রয়োজনীয় শর্তাবলি/২৩২
❖ দাওয়াত-প্রসঙ্গ/২৩২
❖ তাদরীস-প্রসঙ্গ/২৩৩
❖ তাসনীফ-প্রসঙ্গ/২৩৭
❖ একটি জরুরি কথা/২৪৩
❖ কিছু গুরুত্বপূর্ণ বিষয়/২৪৩
❖ **এখন থেকেই যত্নবান হোন/২৪৭**
১. নিযামুল আওকাত/২৪৭
২. কুররাসাতুল ফাওয়াইদ (নোটখাতা)/২৪৮
৩. রোজনামচা/২৪৯
৪. 'ভালো ছাত্র' এর মর্ম বুঝুন/২৪৯
৫. সময়ের মূল্য দিন/২৫০
৬. তাকওয়া-পরহেজগারীর প্রতি মনোযোগী হোন/২৫০
৭. ইলমের জন্য প্রতিবন্ধক বিষয় থেকে দূরে থাকুন/২৫০
৮. প্রথম জামাত থেকেই মেহনত করে পড়ুন/২৫০
৯. শুদ্ধ বলা ও শুদ্ধ লেখার বিষয়ে মনোযোগী হোন/২৫১
১০. নিজের যোগ্যতা যাচাই করতে থাকুন/২৫২

❖ একটি অভিজ্ঞতা/২৫২
১১. বুযুর্গদের সোহবত গ্রহণ করুন/২৫৪
❖ **কলেজ-ইউনিভার্সিটির ছাত্রদের প্রতি/২৫৫**
❖ মাসতূরাত-এর পর্দারক্ষা/২৫৫
❖ দ্বীন ও দুনিয়ার বিভাজন/২৫৬
❖ তারুণ্যের দায়িত্ব/২৫৬
❖ প্রথম দুর্বলতা– সালাফে সালেহীনের প্রতি অনাস্থা/২৫৮
❖ দ্বিতীয় দুর্বলতা– পশ্চিমা সভ্যতার অনুকরণ/২৬০
❖ **তালিবানে ইলমে নবুওয়তের প্রতি কিছু প্রয়োজনীয় নির্দেশনা/২৬৩**
❖ **পিতৃত্বের ছায়া/২৭০**
❖ **দ্বীনী মাদরাসাসমূহের মজলুমানা হালত : তলাবায়ে কেরামের দায়িত্ব/২৭৩**
❖ **দ্বীনী কাজে খাশইয়াত ও হিকমতের প্রয়োজনীয়তা/২৭৯**
❖ **ওয়ালিদ ছাহেবের সঙ্গে সাক্ষাতের জন্য মাদারে ইলমীর উদ্দেশে কয়েক ঘণ্টার সফর/২৮৯**
❖ **হযরত মাওলানা সরফরায খান ছফদর (রহ.)-এর তাসানীফের তালিকা/২৯৩**
❖ **শিক্ষাবর্ষের শুরু : তালিবে ইলম ভাইদের প্রতি কিছু অনুরোধ/২৯৮**
❖ **তালিবে ইলমের আত্মমর্যাদা/৩০১**
❖ **তলাবায়ে কেরাম সাবধান হোন, আপনাকে অনেক বেশি সচেতন হতে হবে/৩০৯**
❖ **তলাবায়ে কেরাম 'তালিবে ইলম' হয়ে যান/৩১২**
❖ **সম্ভাবনা ও ফলাফল/৩১৫**
❖ শয়তানের হাতিয়ার/৩১৬
❖ চিন্তার সূত্র/৩১৬
❖ সময়ের হিসাব/৩১৭
❖ সাধনা ও ক্ষেত্র/৩১৯
❖ **ইলমে দ্বীন থেকে মাহরূম হওয়ার কারণ/৩২১**
❖ **ইলমী নিমগ্নতা : সে যুগে এ যুগে/৩২৬**
❖ **'মাকে সন্তুষ্ট কর, দুনিয়া-আখেরাতের কোথাও তুমি আটকাবে না'/৩৩০**

## দ্বিতীয় পরিচ্ছেদ


❖ হেদায়া ঃ সহায়ক গ্রন্থ ও মুতালাআ-পদ্ধতি/৩৩৭
❖ হেদায়াকে যুগের সাথে মিলিয়ে পড়া/৩৩৯
❖ সীমিত সময়ে অধ্যয়নের সহজ পদ্ধতি/৩৪০
❖ সরফ আয়ত্ত করার উপায়/৩৪০
❖ দাওরায়ে হাদীসে উলূমুল হাদীসের প্রাথমিক মুতাআলা/৩৪০
❖ তিরমিযীর حسن صحيح /৩৪২
❖ بعض منتحلى الحديث দ্বারা কে উদ্দেশ্য/৩৪৩
❖ জালালাইন সম্পর্কীয় কিছু তথ্য ও মুতালাআর নিয়ম/৩৪৪
❖ 'আকীদা' সংক্রান্ত পড়াশোনা ও বাতেলের ভ্রান্তি নিরসন প্রসঙ্গ/৩৪৬
❖ 'আরবী' লিখতে ও বলতে পারব কীভাবে/৩৪৭
❖ হাদীসের আলোকে নামাযের মাসনুনের কিতাব/৩৪৮
❖ হেদায়া ঃ 'শুফআ' অধ্যায় ও প্রচলিত জমি-জমা আইনের তুলনামূলক অধ্যয়ন/৩৪৯
❖ হেদায়া ঃ উসুলে ফিকহের আলোকে অধ্যয়নে সমস্যা প্রসঙ্গ/৩৫০
❖ পড়ালেখায় অমনোযোগিতা/৩৫১
❖ প্রসঙ্গ ঃ ইমাম বুখারী (রহ.)-এর আরবাঈনাত/৩৫১
❖ দাওরা হাদীসের কিতাবের শুরুহ ও মুতালাআর পন্থা/৩৫৩
❖ কয়েক হাজার হাদীসের ব্যাখ্যা সম্বলিত কিছু কিতাবের নাম/৩৫৫
❖ শরহে জামীর হাসেল মাহসুল/৩৫৬
❖ কাওমী ছাত্রদের হীনম্মন্যতার রোগ ও প্রতিকার/৩৫৬
❖ জালালাইনের একটি টীকা প্রসঙ্গ/৩৫৮
❖ একটি মানসিক পেরেশানী/৩৫৮
❖ নববী পূর্ব যুগের ইতিহাসের নির্ভরযোগ্য গ্রন্থ/৩৫৯
❖ আল-কাউসারে একাধিক কিতাবের উদ্ধৃতি দেয়া হয় কেন/৩৫৯
❖ আল-কাউসারে হাওয়ালার প্রতি গুরুত্বারোপের কারণ/৩৬০
❖ আরবী বলা ও লিখার যোগ্যতা অর্জনে করণীয়/৩৬১
❖ আরবী প্রবন্ধ লিখতে পারি না/৩৬১
❖ আরবী শিখতে গিয়ে আমাদের প্রান্তিকতা/৩৬২

❖ আরবী ভাষা কীভাবে শিখব/৩৬৩
❖ বৃদ্ধ বয়সে ইলম অর্জন/৩৬৩
❖ দ্বীনের বিভিন্ন বিষয় মুতালাআ ছাত্রীদের করণীয়/৩৬৩
❖ নিজের উপর আস্থা হারিয়ে ফেলা/৩৬৪
❖ ছাত্রাবস্থায় তাবলীগে যাওয়া/৩৬৫
❖ আলেমদের জন্য তাবলীগে 'সাল' লাগানো/৩৬৫
❖ কম সময়ে সব দরসী কিতাব মুতালাআ/৩৬৬
❖ মেশকাতের বাংলা অনুবাদ ও অনুবাদক প্রসঙ্গ/৩৬৭
❖ মেয়েদের দ্বীনি শিক্ষার পথ ও পদ্ধতি/৩৬৭
❖ ফেকহী মাসায়িল : নিছবত ও দলীল/৩৬৮
❖ ফিকহে হানাফির মাসায়েল ও দালায়েল সম্পর্কে কিছু মৌলিক ও গুরুত্বপূর্ণ কথা/৩৬৮
❖ 'কুত্বী', 'মায়বুযী' ইত্যাদি পড়া ব্যতীত হক্কানী রব্বানী আলেম হওয়া যাবে কি/৩৭১
❖ فعول এর অর্থ নির্ণয়ে সমস্যা/৩৭৩
❖ ছেলেকে মাদরাসায় দিতে চাই, কিন্তু ওখানে যে বাংলা-ইংরেজী নেই/৩৭৪
❖ হেদায়ায় 'মুফতাবিহী কওল' নির্ণয়ে সমস্যা/৩৭৪
❖ 'মুফতাবিহী' মত নির্ধারণে একটি উসুল/৩৭৫
❖ 'নুখবা'র সাথে মুতালাআর উপযোগী ক'টি কিতাব/৩৭৬
❖ ফিকহে 'মাহারাত' অর্জনে করণীয়/৩৭৬
❖ সম-সাময়িক মাসায়েলের উপর রচিত কিতাব/৩৭৮
❖ হাদীসের কিতাবসমূহের 'দ্বিতীয়' খণ্ড দরস দানের পদ্ধতি/৩৭৮
❖ হাদীসের দরস দানের কয়েকটি পদ্ধতি/৩৭৮
❖ طريق التعمق কখনো আকাবিরের রীতি ছিল না/৩৭৮
❖ طريق السرد এর পরিচয়/৩৭৮
❖ طريق البحث এর পরিচয়/৩৭৯
❖ দ্বিতীয় খণ্ডের হাদীসসমূহের শরহ জানার জন্য করণীয় ও সহায়ক গ্রন্থ/৩৮০
❖ তাদরীসী যিন্দেগী যখন শুরু/৩৮২
❖ আদর্শ শিক্ষক হতে হলে/৩৮২

❖ তালীম তারবিয়ত এর রীতি-নীতি বিষয়ক কিছু কিতাব/৩৮২
❖ আদর্শ শিক্ষকের দায়িত্ব ও কর্তব্য এবং এ সংক্রান্ত বারটি অপরিহার্য উসূল ও আদাব/৩৮৩–৩৮৭
❖ রোযার ছুটিতে চিল্লায় সময় লাগানো/৩৮৮
❖ 'তাইসীর' না পড়ে 'মিজানে' ভর্তি হওয়া/৩৮৮
❖ 'ছুটি' কীভাবে কাটাবো? গাফলত দূর হবে কীভাবে/৩৮৯
❖ কাফিয়া শরহেজামী একসাথে পড়া/৩৮৯
❖ ইবারত পড়তে না পারার সমস্যা/৩৮৯
❖ মিশকাত, শরহে নুখবা ও শরহে আকাঈদ পড়ার পদ্ধতি/৩৯০
❖ হাদীসের কিছু অনুদিত সংকলন/৩৯৫
❖ দায়িত্বের ঝামেলায় মুতালাআর পদ্ধতি/৩৯৫
❖ লিখা ও বলার দুর্বলতা নিয়ে পেরেশানী/৩৯৬
❖ পারিবারিক প্রতিকূলতা/৩৯৭
❖ বিষয় বা মনীষীভিত্তিক গ্রন্থাবলীর উপর স্বতন্ত্র কিতাব/৩৯৮
❖ খুতবার উপকারী কিতাব/৩৯৮
❖ উসুলে ফিকহ বিষয়ের সহজ ও উপকারী কিতাব/৩৯৯
❖ তাফসীরে বায়যাবী/৩৯৯
❖ আধুনিক মাসআলায় ফিকহের কিতাব/৪০০
❖ 'উসুলে হাদীস ও তাফসীরের সহজ ও ফন্নী কিতাব'/৪০০
❖ তাফসীরে জালালাইন/৪০১
❖ 'ফাতহুল কাদীর' ও তৎসংশ্লিষ্ট কিতাবাদির পরিচিতি ও মুতালাআ পদ্ধতি/৪০২
❖ আলিয়ায় পরীক্ষা দেওয়ার জন্য মেশকাত-জালালাইন একত্রে পড়া/৪০৫
❖ বয়স, শ্রেণী ও মেধা অনুপাতে মুতালাআযোগ্য কিতাবাদি/৪০৬
❖ সাধারণ শিক্ষিতদের দেখে ঈর্ষান্বিত হওয়া/৪০৬
❖ ভাবার্থ বুঝার পর ইবারতের অর্থ তুলতে অক্ষমতা/৪০৭
❖ 'মুতালাআ' কী, কেন ও কীভাবে/৪০৮
❖ حاسبوا قبل ان تحاسبوا এটি হাদীস না উক্তি/৪০৯
❖ ওসমানী সালতানাতের পূর্ণাঙ্গ ইতিহাস সমৃদ্ধ গ্রন্থ/৪০৯
❖ 'হেদায়া'র একটি টীকার অনুবাদ/৪১০

❖ লাখনোভী (রহ.)-এর জীবনী উৎস/৪১০
❖ জালালাইনে একই শব্দের ব্যাখ্যায় দৃশ্যমান ভিন্নতা/৪১১
❖ হাশিয়ার শেষে ১২ সংখ্যার অর্থ/৪১১
❖ হেদায়া ৩য় খণ্ডের একটি ইবারত/৪১১
❖ ফুনূনাতে আলিয়ার পড়াশোনা/৪১২
❖ মানতিকে উচ্চজ্ঞান লাভে সময় দেবো না কুরআন-হাদীসে/৪১৩
❖ উলূমুল হাদীসের প্রাথমিক পড়াশোনা/৪১৪
❖ মুসলিম ২য় খণ্ডের পাঠদান পদ্ধতি/৪১৫
❖ 'শাহেদ' ও 'মুতাবি' সংক্রান্ত দুটি প্রশ্নোত্তর/৪১৫
❖ তাফসীর, হাদীস ও ফিকহের মধ্যে কোনটি অধিক প্রয়োজনীয়/৪১৬
❖ বয়স বেশি অথচ নাহবেমীর পড়ি, কীভাবে মেহনত করতে পারি/৪১৮
❖ নসীহত লাভের জন্য 'পান্দেনামা' পড়বো কি/৪১৯
❖ শরহে বেকায়ার জন্য উর্দূ 'সিকায়া' ও 'দিরায়া' ইত্যাদি পড়বো কি/৪১৯
❖ তাদরীসি জীবনে দরকারী দুটি প্রশ্ন/৪২০
❖ 'নুখবা' ও 'মুকাদ্দিমাতুশ শায়খ'কে সমন্বয় করে পড়ার পদ্ধতি/৪২১
❖ সুফীদের হাদীস কি অগ্রহণযোগ্য/৪২২
❖ সাহিত্য চর্চা, বক্তৃতা ও লেখনীতে সমস্যা এবং উত্তরণের উপায়/৪২৪
❖ 'জালালাইন কালাঁ' অর্থ কী/৪২৪
❖ আরবী 'মুকালামা'র পদ্ধতি/৪২৫
❖ 'কওলে বদী' ও এর লেখক প্রসঙ্গ/৪২৫
❖ এটি কি হাদীস নয়/৪২৬
❖ 'কুদুরী' ও 'উসুলুশ শাশী'র সহায়ক কিতাবসমূহ/৪২৬
❖ সময়ে বরকত পেতে কী করতে পারি/৪২৭
❖ তালিবে ইলমদের জন্য 'আল-কাউসার' পড়া কেমন/৪২৭
❖ 'নুরুল আনওয়ার' এর সাথে আর কোন কিতাব পড়া যায়/৪২৮
❖ দুটি হাদীস একটি প্রশ্ন/৪২৯
❖ কাদরিয়া ও তেহাত্তর ফেরকা সংক্রান্ত দুই হাদীসের ক্ষেত্রে মাওলানা শিবলীর পদস্খলন/৪৩০
❖ নাহু বুঝি কিন্তু সরফ বুঝি না কীভাবে আরবী বলতে পারব কুরআন-হাদীস বুঝতে পারব/৪৩০
❖ احبوا العرب لثلاث রেওয়ায়াতটির হুকুম/৪৩১

❖ 'নোট' কি ক্ষতিকর? নোট ছাড়া সবক আয়ত্ত করব কীভাবে/৪৩১
❖ 'মীযান' কীভাবে বুঝবো? উর্দূ পড়বো কীভাবে? পড়ি, মনে থাকে না/৪৩২
❖ আল্লাহর সান্নিধ্য অর্জন ও আখলাক বিষয়ে কিছু কিতাব/৪৩৩
❖ আয়াতুল আহকাম সংক্রান্ত সংক্ষিপ্ত ও বিস্তারিত কিছু কিতাব/৪৩৪
❖ লেখাপড়া ছেড়ে দিতে ইচ্ছা করে.../৪৩৪
❖ 'কিতাবী ইস্তিদাদ' অর্জিত হবে কীভাবে/৪৩৫
❖ দরসে কিতাব বুঝি; পরীক্ষায় ভাল করি, কিন্তু নিয়মিত মুতালাআ করি না/৪৩৬
❖ আকাবিরের মুতালাআ কি দরসী কিতাবেই সীমিত ছিল/৪৩৭
❖ কুরআনের আয়াত সংখ্যা কত/৪৩৭
❖ শায়খ আবদুল ফাত্তাহ (রহ.) জীবনী জানতে চাই, কয়েকটি নসীহত কাম্য/৪৩৯
❖ সবচেয়ে কম ও বেশী হাদীসের রাবী সাহাবীর নাম কী/৪৪০
❖ বিশুদ্ধ তাফসীর গ্রন্থ/৪৪১
❖ 'ইতহাফ' কার কিতাব, কেমন কিতাব/৪৪১
❖ 'ইবনু আমীরিল হাজ্জ' ও তাঁর মাদখালের পরিচিতি জানতে চাই/৪৪১
❖ উসুলুশ শাশীর রচয়িতা কে? এটি এবং কুদুরী কিভাবে পড়ব/৪৪২
❖ উসুলুশ শাশী-এর রচয়িতা সম্পর্কে কিছু কথা/৪৪৩
❖ নাহবেমীর জামাতে পড়ি, কিন্তু 'সীগা' সঠিকভাবে বলতে পারি না/৪৪৪
❖ উসুলুশ শাশী বুঝার জন্য কী শরহ দেখব/৪৪৫
❖ 'হেদায়া' ৩য় খণ্ডের জন্য কিছু বাংলা কিতাবের নাম জানতে চাই/৪৪৫
❖ লেখা ও বলার অক্ষমতা নিয়ে আরেকটি পেরেশানী/৪৪৬
❖ সাধারণ আরবী ও কুরআনের 'রসমুল খাত' এ পার্থক্যের কারণ/৪৪৮
❖ হক আদায় করে কিতাব পড়া/৪৪৮
❖ সুনানের যয়ীফ হাদীসগুলো চেনার উপায়/৪৪৯
❖ মুজতাহিদ আলেম হতে করণীয়/৪৫০
❖ কোন নেসাব বেশী উপযোগী/৪৫০
❖ হেদায়াতুন নাহু ও বোস্তাঁর মুতালাআযোগ্য শরহ/৪৫১
❖ লেখক হতে কোন পত্রিকায় লেখা উপযোগী হবে/৪৫২
❖ মাসআলা মনে রাখতে পারি না/৪৫২

❖ উর্দূ-বাংলা নোট বা শরহের উপকারিতা ও অপকারিতা/৪৫৩
❖ মুখতারাত পড়ার পদ্ধতি/৪৫৪
❖ বাংলা ভাষা ও সাহিত্য চর্চা নিয়ে তিনটি প্রশ্ন/৪৫৫
❖ তাসাওউফ নিয়ে একটি প্রশ্নোত্তর/৪৫৭
❖ ইবারত বিশুদ্ধকরণে একটি সমস্যা ও পরামর্শ/৪৫৮
❖ বে-নামাযী মুসলিম ভাইদের নিয়ে করণীয়/৪৫৮
❖ আহলে সুন্নাহ ওয়াল জামাতের আকীদা বিষয়ে রচিত কিছু গ্রন্থ/৪৫৯
❖ সবকে অমনোযোগিতা ও এর প্রতিকার/৪৬১
❖ সময়ের স্বল্পতার পরও সব কিতাব কীভাবে মুতালাআ করা যায়/৪৬২
❖ আরবীতে পরীক্ষার উত্তরপত্র লিখতে করণীয়/৪৬২
❖ প্রাচ্যবিদ ও তাদের গবেষণার লক্ষ্য-উদ্দেশ্য/৪৬৩
❖ মাসতুরাতের মাঝে কাজ করতে ভাষা-দক্ষতা অর্জন/৪৬৪
❖ পড়ালেখার ফাঁকে কাব্যচর্চায় সময় ব্যয়/৪৬৫
❖ জাগতিক শিক্ষায় শিক্ষিতদের দ্বীনি ইলম অর্জনের পথ ও পদ্ধতি/৪৬৭
❖ 'ফিকহুস সুনানি ওয়াল আসার' বৈশিষ্ট্য ও গুরুত্ব/৪৬৮
❖ হেদায়া'র দলীলগুলো মুসান্নিফের নিজের নাকি পূর্ববর্তী ইমামদের/৪৭০
❖ 'হেদায়া'র হাদীস ও ইলমে হাদীসে ছাহিবে হেদায়ার মাকাম/৪৭১
❖ ইলমে হাদীসে ছাহিবে হিদায়ার মাকাম/৪৭২
❖ হিদায়ার হাদীস সম্পর্কে একটি গুরুত্বপূর্ণ ঘটনা/৪৭৫
❖ হাশিয়ায়ে হিদায়া, তাখরীজে হিদায়া/৪৭৫
❖ ইমাম মুসলিমের তাবাকাতে ছালাছা/৪৭৭
❖ কুরআনের দুটি শব্দের 'ইরাব' প্রসঙ্গ/৪৭৮
❖ 'হাম্মাম' ও 'বায়তুল খালা'র মাঝে পার্থক্য/৪৭৯
❖ সীরাতে হালাবিয়ার গ্রহণযোগ্যতা/৪৮০
❖ আল 'কামিল' ও 'আর রাহীকুল মাখতুম' এর নির্ভরযোগ্যতা/৪৮০
❖ দাড়ি সংক্রান্ত কয়েকটি প্রশ্নোত্তর/৪৮১
❖ মানতিকের 'মিরকাত' কিতাবটি কীভাবে বুঝব/৪৮৩
❖ 'শরহে বেকায়া' 'নুরুল আনওয়ার' ও এর পাঠদান-পদ্ধতি/৪৮৪
❖ কিতাবে 'যায়েদ' 'আমর' এর উদাহরণ-প্রবলতার কারণ কী/৪৮৭
❖ হানাফী ছাড়া অন্য মাযহাবের মাসআলাগুলো কি বাতেল বা অনুত্তম/৪৮৮

❖ 'রওযাতুল আদব'/৪৮৮
❖ মাফহুমে মুখালিফ এর হুজ্জিয়ত/৪৮৯
❖ হেদায়ার হাদীস/৪৯১
❖ হেদায়া ও অন্য কিতাবের কয়টি শরহ মুতালাআ করবো/৪৯২
❖ অন্য মাযহাবের তুলনায় শাফেয়ী মাযহাবের মুকারানা আধিক্যের কারণ/৪৯২
❖ হিদায়ার জন্য 'জামে সগীরে'র মতন চয়নের কারণ/৪৯৩
❖ হেদায়ার হাদীস নিয়ে আরেকটি সংশয়/৪৯৩
❖ বাংলা সাহিত্যে পূর্ণ যোগ্যতা অর্জনে করণীয়/৪৯৫
❖ পারিবারিক দ্বীনি তালিমের জন্য করণীয়/৪৯৫
❖ তাহাজ্জুদের প্রতিবন্ধক/৪৯৬
❖ কিছু 'আখলাকে রাযীলা' থেকে মুক্তির উপায়/৪৯৭
❖ সুন্দর হস্তলিপি অর্জনে করণীয়/৪৯৮
❖ তলবহীন ছাত্রজীবন শেষে তাদরীসের জীবনে করণীয়/৫০০
❖ কওমী মাদরাসার নেছাব সংস্কার নিয়ে দুটি প্রশ্ন/৫০১
❖ মীযান পড়ার পরও সরফে দুর্বলতা/৫০৩
❖ ইফতার পড়াশোনা ও তামরীন সংক্রান্ত কয়েকটি নিয়ম/৫০৩
❖ 'খাসিয়াতে আবওয়াব'/৫০৫
❖ 'বাকুরা' ও 'রওযা'র উপযোগিতা/৫০৭
❖ বাবা-মা কওমী মাদরাসায় পড়াতে আগ্রহী নয়/৫০৮
❖ জিহাদ, তাবলীগ ও রাজনীতি সংক্রান্ত একটি প্রশ্নোত্তর/৫০৮
❖ 'মুতাকাদ্দিমীন' ও 'মুতাআখখিরীন' কারা/৫০৯
❖ বাবার টাকায় কেনা কিতাবে অপর ভাইদের হক প্রসঙ্গ/৫১০
❖ ইবারত সহীহ করার জন্য তামরীনের পদ্ধতি/৫১০
❖ উসুলুশ শাশী বুঝতে করণীয়/৫১১
❖ হেদায়ার বিভিন্ন নুসখা ও সংস্করণ/৫১১
❖ 'মাযী'র নফীতে 'মা' ও 'মুজারে'র নফীতে 'লা' প্রসঙ্গ/৫১২
❖ আরবীতে পারদর্শিতা অর্জন/৫১৪

❖ মুতালাআ করলে বুঝি না/৫১৪
❖ স্মরণশক্তির দুর্বলতা/৫১৫
❖ সোহবত অর্জনের পদ্ধতি/৫১৫
❖ মনোযোগিতার অভাব/৫১৬
❖ ফার্সী ও ইংরেজী কোনটির গুরুত্ব বেশী/৫১৭
❖ বিভিন্ন বিষয়ের কিছু কিতাব/৫১৮
❖ মুখতারাত পড়তে গিয়ে একটি সমস্যা ও পরামর্শ/৫২০
❖ আরবীতে উত্তরপত্র লিখতে কিছু সমস্যা/৫২০
❖ অর্থ শুনে কুরআনের আয়াত বলতে অক্ষমতা/৫২১
❖ ব্যক্তিগত পাঠাগার গঠনে করণীয়/৫২১
❖ সীরাত সংক্রান্ত একটি প্রশ্নোত্তর/৫২৩
❖ আরবী শব্দভাণ্ডার সমৃদ্ধকরণ/৫২৪
❖ জামাতে ছাত্র কম হওয়ায় হতাশা/৫২৫
❖ ইলমে হাদীসে দক্ষতা অর্জন/৫২৫
❖ মিশকাত জামাতের কিতাবসমূহ কীভাবে পড়বো/৫২৬
❖ মানতিক নিয়ে কয়েকটি প্রশ্নের উত্তর/৫২৬
❖ তাহকীকের মাদ্দা কম/৫২৭
❖ অনেক আরব আলেমের মুখে যে দাড়ি নেই.../৫২৮
❖ হেদায়াতুন নাহুর কয়েকটি মাসআলা/৫৩২
❖ জিহাদ সম্পর্কে একটি প্রশ্নের উত্তর/৫৩৪
❖ জিহাদের আয়াত ও হাদীসকে দাওয়াতের ক্ষেত্রে ব্যবহার প্রসঙ্গ/৫৩৪
❖ তাবলীগ জামাতের দ্বারা কি সুলুক ও তাযকিয়ার প্রয়োজন পূর্ণ হয়ে যায়/৫৩৬
❖ একসঙ্গে এত বিষয় কীভাবে পড়বো/৫৩৯
❖ অর্থনীতি বুঝি না/৫৪০
❖ তরজমা ছাড়া ইবারত পড়তে পারি না/৫৪১
❖ লেখাপড়ায় আগ্রহ কম/৫৪১
❖ ইবারত পড়তে পারি অর্থ করতে পারি না/৫৪২

❖ 'আলকাত্তান' ও 'ইবনুল কাত্তান'/৫৪৩
❖ রমযানের দীর্ঘ বিরতিতে ছাত্রদের করণীয়/৫৪৩
❖ দাওরায়ে হাদীসের ছাত্রের দু'টি প্রশ্ন/৫৪৪
❖ শামায়েলে তিরমিযীর ভাল শরাহ কোনটি/৫৪৪
❖ তহাভী ও তাহতাভী এক না ভিন্ন/৫৪৪
❖ বাংলা নোট দেখে মুতালাআ/৫৪৫
❖ দুটি তারকীবের সমাধান/৫৪৬
❖ পড়ালেখা নিয়ে মানসিক অস্থিরতা/৫৪৭
❖ নিয়মিত রোযনামচা লেখা প্রসঙ্গ/৫৪৭
❖ নবীজীর সুন্নত বিষয়ক গ্রন্থ/৫৪৯
❖ আবু হানীফা ও আলী নদভীর জীবনীগ্রন্থ/৫৪৯
❖ ভারতবর্ষের মুসলমানদের ইতিহাস বিষয়ক বই/৫৫০
❖ দ্বিতীয় বর্ষের ছাত্রের আদব ও ফিকহের ইযাফি মুতালাআ/৫৫০
❖ সীরাতের প্রাথমিক মুতালাআ/৫৫১
❖ শিশুসাহিত্যের আরবী কিতাব পড়বো কি/৫৫১
❖ তারীখ, ই'রাবুল কুরআন ও মুফরাদাতুল কুরআন বিষয়ক কিছু বই/৫৫২
❖ কাফিয়া জামাতের শিক্ষার্থীদের জন্য/৫৫৩
❖ পড়া মনে রাখার উপায়/৫৫৪
❖ মেশকাত জামাতের শিক্ষার্থীদের করণীয়/৫৫৪
❖ ইলমে নাহুতে দুর্বলতা/৫৫৫
❖ পড়ালেখায় মন বসে না/৫৫৬
❖ মুতালাআয় মন বসাতে পারি না/৫৫৬
❖ শুরূহু কুতুবিল হাদীস কীভাবে মুতালাআ করবো/৫৫৭
❖ হিদায়াতুন নাহুর মুসান্নিফ কে/৫৫৮
❖ মিযান ও নাহবেমীর-এর ইবারত কি মুখস্থ করবো/৫৫৯
❖ তাফসীরুল কুরআনের সুনির্দিষ্ট কিছু কিতাব/৫৬০
❖ ছোটদের তারবিয়ত/৫৬১
❖ ইবারত বুঝি, আলোচনা উদ্ধার করতে পারি না/৫৬২

❖ এই খুতবাটি নিছক খুতবা হিসেবে পাঠ করা যাবে কি না/৫৬৪
❖ ইংরেজী ভাষায় কিছু দ্বীনী বই/৫৬৫
❖ উসূলে ফিকহের মুতালাআ/৫৬৭
❖ ইতিহাসখ্যাত চারজন মনীষীর জীবনী/৫৬৭
❖ 'আন্‌নাওয়াদিরুস্ সুলতানিয়া' ইতিহাসগ্রন্থটি কোথায় পাওয়া যাবে/৫৬৯
❖ 'শরহে জামী'র ছাত্রদের করণীয়/৫৭০
❖ ইরাবুল কুরআনের সহজ কিতাব/৫৭২
❖ ইমাম বুখারী (রহ.) সম্পর্কিত একটি ঘটনার সত্যাসত্য যাচাই/৫৭২
❖ জালালাইনের হাশিয়া ও হাশিয়াতুস সবী প্রসঙ্গে/৫৭৪
❖ নবীদের ঘটনা ও তাদের নসব সম্পর্কে কিতাব/৫৭৫
❖ ঈমান : নবীগণের প্রতি না রাসূলদের প্রতি/৫৭৫
❖ ওয়ালাকাদ ইয়াস্‌সারনাল কুরআন/৫৭৬
❖ নাহব, ছরফ ও আরবী ইবারতে দুর্বলতা প্রসঙ্গে/৫৭৭
❖ সীরত ও সাওয়ানেহের কিছু কিতাব/৫৭৮
❖ বানান ঠিক করব কিভাবে/৫৭৯
❖ হেদায়ার সবচেয়ে জামে শরাহ/৫৭৯
❖ হেদায়া এবং আসরী মাসায়েল ও ইসতিলাহাত/৫৭৯
❖ একটি হাদীসের তাখরীজ/৫৮১
❖ নাসবুর রায়ার হাদীসসমূহের মান/৫৮১
❖ গাফলতের ঘুমের এলাজ প্রসঙ্গ/৫৮২
❖ সাইয়েদ আবুল আলা মওদুদীর আফকার সম্পর্কে কিছু কিতাব/৫৮৪
❖ পড়াশোনায় আগ্রহ সৃষ্টিকারী কিছু রেসালা/৫৮৫
❖ বড়োঁ কা বাচপন/৫৮৫
❖ ওয়া আরজুলাকুম ইলাল কা'বাইন/৫৮৬
❖ আল মাদখাল ও আছারুল হাদীসের একটি হাওয়ালা প্রসঙ্গ/৫৮৬
❖ উলূমুল হাদীসের মুতালাআ কিভাবে শুরু করব/৫৮৭

بسم الله الرحمن الرحيم

# তালিবানে ইলমে নবুওয়তের প্রতি

এখনো আমরা একটি নতুন শিক্ষাবর্ষের শুরুভাগেই রয়েছি। একজন মুখলিস, মুত্তাবিয়ে সুন্নত ও সচেতন তালিবে ইলমের কাজ হওয়া উচিত– সালানা ইমতেহানের পরই আগামী শিক্ষাবর্ষের জন্য প্রস্তুতি শুরু করা। শাওয়ালে মাদরাসা খোলার পর নতুন শ্রেণীতে যেসব বিষয় ও যেসব কিতাবের সবক শুরু হবে, সেসব বিষয় ও কিতাবের প্রাথমিক ও প্রস্তুতিমূলক আলোচনা নির্ভরযোগ্য উৎসসমূহ থেকে অধ্যয়ন আরম্ভ করা।

## তালিবে ইলমের দৈনন্দিন করণীয়

সবক শুরু হলে নিয়মতান্ত্রিকভাবে আগামী সবক মুতালাআ করা, নিয়মিত দরসে উপস্থিতি, দরস সমাপ্ত হওয়ার পর তাকরার করা এবং উস্তাদে মুহতারামের দেওয়া কাজগুলো যত্নসহকারে করা ইত্যাদি একজন তালিবে ইলমের জরুরি দায়িত্ব। এসব কাজ ছাড়াও একজন উচ্চাভিলাষী সচেতন তালিবে ইলমকে আরো কিছু কাজ করতে হয়। যথা ঃ

১. নির্বাচিত শুরূহ ও হাওয়াশী মুতালাআ করা।

২. নেসাবী কিতাবসমূহের গুরুত্বপূর্ণ মাসায়েল ও মাবাহেসের উপর লিখিত স্বতন্ত্র ও মানসম্পন্ন রচনাবলির সন্ধান নিয়ে তা অধ্যয়ন করা।

৩. গুরুত্বপূর্ণ তথ্যাবলী নোট করা।

৪. গুরুত্বপূর্ণ বিষয়াদি তাকরার ও পারস্পরিক মুযাকারার মাধ্যমে আত্মস্থ করা।

৫. প্রবন্ধ-নিবন্ধ লেখার অভ্যাস গড়ে তোলা এবং হস্তলিপি স্পষ্ট ও সুন্দর করার চেষ্টা করা।

৬. পূর্ণ দ্বীনের সঠিক ধারণা লাভ করার জন্য এবং তারবিয়ত ও তাযকিয়ার জন্য আকাবির ও আসলাফের রচনাবলি পাঠ করা।

৭. নিয়মিত কুরআন তেলাওয়াত এবং কিছু কিছু নফল আমল ও যিকির-আযকারের অভ্যাস গড়ে তোলা।

# রমযান মাসে কুরআন তেলাওয়াত ঃ
# তালিবানে ইলমের অবলম্বনযোগ্য পদ্ধতি

কুরআনে হাকীমে আল্লাহ তাআলা ইরশাদ করেছেন ঃ

شَهْرُ رَمَضَانَ الَّذِيْٓ اُنْزِلَ فِيْهِ الْقُرْاٰنُ هُدًى لِّلنَّاسِ وَبَيِّنٰتٍ مِّنَ الْهُدٰى وَالْفُرْقَانِ

"রমযান মাস, যাতে কুরআন অবতীর্ণ হয়েছে, যা মানুষের জন্য হেদায়াত এবং পথ লাভ করার ও সত্যকে মিথ্যা থেকে পার্থক্য করার উজ্জ্বল দলীল।"

(সূরা বাকারা : ১৮৫)

হযরত আবদুল্লাহ ইবনে আব্বাস (রাযি.) এই আয়াতের তাফসীরে বলেছেন, রমযান মাসের শবে কদরে গোটা কুরআন লাওহে মাহফুয থেকে প্রথম আসমানে এক সাথে অবতীর্ণ হয়েছে। তারপর সেখান থেকে সময় ও অবস্থা অনুযায়ী অল্প অল্প করে অবতীর্ণ হয়েছে।

হযরত শায়খুল হিন্দ (রহ.) বলেন, "এ থেকে রমযানের ফযীলত এবং কুরআন মাজীদের সাথে তার সম্পর্ক ও বিশেষত্ব একদম স্পষ্ট হয়ে যায়। এজন্যই এ মাসে তারাবীর নামায বিধিত হয়েছে। তাই এ মাসে কুরআনের খেদমত খুব গুরুত্বের সাথে করা উচিত। এ মাস তো এ কাজের জন্যই নির্ধারিত।"

## তেলাওয়াতের গুরুত্বপূর্ণ একটি আদব

কুরআন কারীমের একটি গুরুত্বপূর্ণ খেদমত হল, তেলাওয়াত করা। আলহামদুলিল্লাহ তালেবে ইলমগণ এ মাসে খুব বেশি পরিমাণে কুরআন তেলাওয়াত করে থাকেন। কিন্তু এখন আমি যে বিষয়টি বলতে চাই তা হল, কুরআনের একটি গুরুত্বপূর্ণ আদব আজ ব্যাপকভাবে অবহেলিত। তালেবে ইলমদের পক্ষে এর দিকে মনোযোগ দেওয়া এবং তেলাওয়াতের সময় এর দিকে লক্ষ্য রাখা খুবই সহজ; অথচ আফসোসের বিষয় হল সাধারণত তারাও এ আদবটির প্রতি লক্ষ্য রাখেন না। আদবটি হল চিন্তা-ভাবনা, একাগ্রতা ও খোদাভীতির সাথে তেলাওয়াত করা এবং উপদেশ গ্রহণের মানসিকতা নিয়ে তেলাওয়াত করা।